

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৮/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- এসএসসি/এইচএসসি/ভোকেশনাল/প্রকল্প/১৩৭/৯৮/ ২৬২৮

তারিখ : ২৬/১২/২০১৬ খ্রি:

বিষয় : দোহার পৌরসভার রাস্তা প্রশস্ত করণের জন্য জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজের বাউন্ডারী ওয়াল ০২(দুই) ফুট পিছনে সরানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজের পূর্ব পার্শ্বের মেইনগেট পর্যন্ত দোহার পৌরসভার রাস্তাটি প্রশস্তকরণের কাজ চলছে। উক্ত কাজের উদ্দেশ্যে দোহার পৌরসভার নির্বাহী প্রকৌশলী মহোদয় জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজের মেইনগেট পর্যন্ত বাউন্ডারী ওয়ালটি ২(দুই) ফুট পিছনে সরানোর জন্য একটি অনুরোধ পত্র প্রেরণ করায় অধ্যক্ষ জনস্বার্থে উক্ত বাউন্ডারী ওয়ালটি সরানোর ব্যাপারে প্রয়োজনীয় অনুমতি/নির্দেশনা প্রদানের জন্য বিনীতভাবে অনুরোধ করেন।

২। জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজের মেইনগেট পর্যন্ত বাউন্ডারী ওয়ালটি ২(দুই) ফুট পিছনে সরানোর ক্ষেত্রে জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজের নামে অধিগ্রহণকৃত কতৃকু পরিমাণ জমি ব্যবহৃত হবে এবং বাউন্ডারী দেয়াল পৃষ্ঠাটি নির্মাণের ব্যয় কারা বহন করবে তা জানা প্রয়োজন। এছাড়া উক্ত দেয়াল স্থানান্তরে প্রতিষ্ঠানের নিরাপত্তা বা অবকাঠামোগত কোন সমস্যা হবে কী না? সে বিষয়ে কোন মতামত পাওয়া যায়নি।

এমতাবস্থায়, জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজের অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ, বাউন্ডারী দেয়াল পৃষ্ঠাটি নির্মাণের ফলে কী পরিমাণ জমি ব্যবহৃত হবে এবং বাউন্ডারী দেয়াল পৃষ্ঠাটি নির্মাণের ব্যয়ের পরিমাণ ও ব্যয় বহনকারী কর্তৃপক্ষসহ উক্ত বাউন্ডারী দেয়াল স্থানান্তরের ফলে নিরাপত্তা বা অবকাঠামোগত কোন সমস্যা হবে কী না? সে বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশনার মেটে অনুরোধ করা হলো।



২৬.১২.২০১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২৬.১২.২০১৬

প্রাপক : অধ্যক্ষ

জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজ
জয়পাড়া, দোহার, ঢাকা।

অনুলিপি :

০১।  ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।